
# ভোটের আগে স্থিতিশীল থাকবে পরিস্থিতি: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

নির্বাচন যতই ঘনিয়ে আসছে, রাজনৈতিক কর্মসূচির গতি তত বাড়ছে—তবে এতে সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত হওয়ার আশঙ্কা নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী। রোববার (২৩ নভেম্বর) সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির বৈঠক শেষে ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, জলাশয় ভরাট ও বিল্ডিং কোড অমান্যের কারণে নগর এলাকায় ঝুঁকি বাড়ছে। রাজউককে এসব বিষয়ে আরও কড়াকড়ি বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। ভূমিকম্পের ঝুঁকি মাথায় রেখে সচেতনতা জোরদারের আহ্বান জানান তিনি।

ভূমিকম্পের পূর্বাভাস ব্যবস্থার অভাবের কথাও উল্লেখ করেন স্বরাষ্ট্র উপদেষ্টা। তিনি বলেন, কিছু দেশে ১০ সেকেন্ড আগে সতর্কবার্তা দেওয়া অ্যাপ ব্যবহার হয়—এ ধরনের প্রযুক্তি দেশে আনার উদ্যোগ নেওয়া যেতে পারে।

LENS ASIA